

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ এ নিম্নবর্ণিত স্থায়ী শূণ্য পদ সমূহে নিয়োগের লক্ষ্যে জন্মসূত্রে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online- এ আবেদন আহবান করা যাচ্ছে।

ক্র. নং	পদের নাম, বেতন স্কেল, বয়স	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	রেজিস্ট্রার বেতনস্কেলঃ ৫৬৫০০-৭৪৪০০ (গ্রেড-৩) বয়সঃ ৪৫-৫৫ বছর যারা স্মারকঃ ৩৭.০১.৪১০৪.০০৮.১১.০০১.১৮- ১০১৯ তারিখঃ ২৬/০৬/২০১৯ নিয়োগ বিজ্ঞপ্তিতে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।)	০১	১. সরকার স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে ন্যূনপক্ষে ২য় শ্রেণীর স্নাতক সহ স্নাতকোত্তর ডিগ্রি বা ৪ (চার) বছর মেয়াদি ন্যূনপক্ষে ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের সিজিপিএ; ২. সরকারী/স্বায়ত্তশাসিত/স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/আন্তর্জাতিক শিক্ষা বিষয়ক প্রতিষ্ঠানে প্রথমশ্রেণীর পদে মোট ১৫ (পনের) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। ৩. বিশ্ববিদ্যালয় পর্যায়ে উপ-রেজিস্ট্রার পদে ন্যূনপক্ষে ০৮ (আট) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ৪. শিক্ষা জীবনের কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণী/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। ৫. উচ্চতর ডিগ্রী/প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। ৬. কম্পিউটার ও বিশ্ববিদ্যালয় অটোমেশন সফটওয়্যার পরিচালনায় দক্ষ হতে হবে।
২.	পরিচালক (অর্থ ও হিসাব) বেতনস্কেলঃ ৫৬৫০০-৭৪৪০০ (গ্রেড-৩) বয়সঃ ৪৫-৫৫ বছর যারা স্মারকঃ ৩৭.০১.৪১০৪.০০৮.১১.০০১. ১৮-১০১৯ তারিখঃ ২৬/০৬/২০১৯ নিয়োগ বিজ্ঞপ্তিতে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।)	০১	১. সরকার স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে ন্যূনপক্ষে ২য় শ্রেণীর স্নাতক সহ স্নাতকোত্তর ডিগ্রি বা ৪ (চার) বছর মেয়াদি ন্যূনপক্ষে ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রি বা সমমানের সিজিপিএ; ২. সরকারী/স্বায়ত্তশাসিত/স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/আন্তর্জাতিক শিক্ষা বিষয়ক প্রতিষ্ঠানে অর্থ ও হিসাব সংক্রান্ত কাজে প্রথমশ্রেণীর পদে মোট ১৫ (পনের) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। ৩. বিশ্ববিদ্যালয় পর্যায়ে উপ-পরিচালক (অর্থ ও হিসাব) পদে ন্যূনপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ৪. শিক্ষা জীবনের কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণী/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। ৫. উচ্চতর ডিগ্রী/প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। ৬. কম্পিউটার ও বিশ্ববিদ্যালয় অটোমেশন সফটওয়্যার পরিচালনায় দক্ষ হতে হবে।
মোটঃ		০২	

শর্তাবলীঃ

- বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে।
- আবেদন ফরম অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট <https://jobs.bdu.ac.bd/> থেকে সংগ্রহ করতে হবে।
- প্রার্থীদের আবেদনের সকল তথ্য সঠিকভাবে পূরণ করে অনলাইনে ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা জমা দিতে হবে। (পেমেন্ট নির্দেশিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটঃ <https://jobs.bdu.ac.bd/> এ পাওয়া যাবে)।
- আবেদনকারীদেরকে ০৮ (আট) কপি আবেদন করতে হবে এবং প্রতি কপি আবেদন ফরমের সঙ্গে শিক্ষাগত যোগ্যতার সনদ, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, অভিজ্ঞতার সার্টিফিকেট, জাতীয়তার সনদের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি আঠা দিয়ে প্রতিটি আবেদন ফরমে লাগাতে হবে।

7. চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং কর্মরত পদের নিয়োগপত্র (বেতনস্কেল উল্লেখপূর্বক) ও আনুসঙ্গিক কাগজপত্র সংযুক্ত করতে হবে।
8. আবেদনপত্র অত্র বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরে, রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ অনুকূলে পৌছানোর শেষ তারিখ ১৫/১০/২০২২ বিকাল ০৩.০০ ঘটিকা।
9. প্রার্থীদের নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষার তারিখ এসএমএস ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে। প্রার্থীদের সাক্ষাৎকার / পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
10. অসম্পূর্ণ আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।
11. জিপিএ / সিজিপিএ-তে ফলাফল প্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার বিভাগ / শ্রেণী নির্ধারণের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয় / ইউজিসি কর্তৃক জারিকৃত সংশ্লিষ্ট প্রজ্ঞাপন / পরিপত্র অনুসরণ করা হবে। পরীক্ষার ফল প্রকাশ হয়নি এমন প্রার্থীদের আবেদনপত্র বিবেচিত হবে না।
12. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে।
13. সাক্ষাৎকারের সময় সকল মূল সনদ ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র সঙ্গে আনতে হবে।

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ।